“মুজিবনগর ইয়ুথ পিস এ্যাম্বাসেডর গ্রুপ” (ওয়াইপিএজি)’র ত্রৈমাসিক সভা

এখনই সময় বাংলাদেশের সার্বিক উন্নয়নে যুবদের অংশগ্রহণ সঠিকভাবে নিশ্চিত করা। সেই লক্ষে সহিংসতা নিরসন ও সম্প্রীতি স্থাপনকে সামনে রেখে আজ শনিবার ইয়ুথ পিস এ্যাম্বাসেডর গ্রুপ (ওয়াইপিএজি) এর উদ্যোগে ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়।

এফসিডিও এর অর্থায়নে দি হাঙ্গার প্রজেক্টের এমআইপিএস প্রকল্পের উক্ত সভায় উপস্থিত ছিলেন, ওয়াইপিএজির কোঅর্ডিনেটর মো: রিয়াজ শেখ, সহ-সমন্বয়কারী মুক্তা খাতুন এবং নাদিম আনজুম রেজা, পিএফজি কোঅর্ডিনেটর মো: ওয়াজেদ আলি খান এবং ইয়ুথ পিস অ্যাম্বাসেডর গ্রুপ এর অন্যান্য সদস্যবৃন্দ।

উক্ত ত্রৈমাসিক সভায় পরবর্তী ত্রৈমাসিক কর্মপরিকল্পনা গ্রহণ করার বিষয়ে মূল বক্তব্য উপস্থাপন করেন, মাঠ সমন্বয়কারি মো: আশরাফুজ্জামান। সভায় ছাত্রদল, যুবদল, যুব সংগঠনের নেতৃবৃন্দ এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ইউনিয়ন ও উপজেলা পর্যায়ের ছাত্র/ছাত্রী উপস্থিত ছিলেন।

ত্রৈমাসিক সভায় সকলে শান্তি স্থাপন ও সহিংসতা নিরসনে অঙ্গিকারবদ্ধভাবে কাজ করতে যে সকল বিষয়সমূহ আলোচনার মাধ্যমে কর্মপরিকল্পনা গ্রহণ করা হয় তাতে সতস্ফুর্তভাবে অংশগ্রহণ করবে বলে মত প্রকাশ করেন। বিশেষ করে তরুণ নেতৃত্ব বিকাশ বিষয়ক প্রশিক্ষণে সকলের সতস্ফুূর্ত অংশগ্রহণ নিশ্চিতকরন ও প্রশিক্ষণ এর সফলতার বিষয়ে সার্বিক সহযোগিতার উদ্যোগ গ্রহণ করতে উৎসাহিত করা হয়।

মুজিবনগরে গ্রাম আদালত ব্যবস্থাপনা কমিটির ত্রৈমাসিক সভা

গ্রাম আদালতের কার্যক্রম বৃদ্ধি করার লক্ষে মেহেরপুরের মুজিবনগর উপজেলায় গ্রাম আদালত ব্যবস্থাপনা কমিটির ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (২৩ ডিসেম্বর) দুপুরে উপজেলা পরিষদ সভাকক্ষে উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলামের সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়।

গ্রাম আদালত সক্রিয়করনের তৃতীয় পর্যায় প্রকল্প সমন্বয়কারী মোঃ শাকিলুজ্জামানের সঞ্চালনায় অতিথি হিসেবে বক্তব্য দেন মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মিজানুর রহমান, উপজেলা কৃষি অফিসার আব্দুল মোমিন, মুজিবনগর উপজেলা স্বাস্থ কমপ্লেক্সের মেডিকেল অফিসার সুরাইয়া শারমিন পুষ্প, উপজেলা জনস্বাস্থ পৌকশলী জাহাঙ্গীর আলম, উপজেলা সমাজসেবা অফিসার মাহমুদুল হাসান, মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সী ওমর ফারুক প্রিন্স।

এ সময় উপজেলার সকল অধিদপ্তরের অফিসারবৃন্দ ও বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, প্যানেল চেয়ারম্যান অংশ নেন।

সভায় উপজেলা নির্বাহী অফিসার গ্রাম আদালত কার্যক্রম সক্রিয় করতে ইউপি চেয়ারম্যান গনদের গ্রাম আদালতের কার্যক্রম কে বিশেষভাবে গুরুত্ব দিতে বলেন। যাতে করে ন্যায় ও সুষ্ঠু বিচার প্রতিষ্ঠিত হয় এবং উচ্চ আদালতে মামলার জট কমে। কমিটির সদস্যগণ উপজেলা নির্বাহী অফিসার কে গ্রাম আদালতের প্রচার-প্রচারণা বৃদ্ধির জন্য অনুরোধ জানান।

আমঝুপিতে এডুকেশন ওয়াচ গ্রুপের ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত

সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করা, ঝরে পড়ারোধ ও কমিউনিটির অংশ গ্রহনে সামাজিক প্লাট ফরম কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ নানা ভাবে কর্মসূচী গ্রহন ও বাস্তবায়ন করে আসছে তারিধারাবাহিকতায় আজ শনিবার সকাল ১০ টার দিকে মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর হলরুমে আমদহ ও আমঝুপি ইউনিয়নের কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সদস্যদের নিয়ে ওয়াচ গ্রুপের ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়।

কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি অধ্যাপক সাইদুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মউকের নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম। বিশেষ অতিথি ছিলেন পৌর কাউন্সিলর আব্দুর রহিম।

স্বাগত বক্তব্যদেন প্রকল্পের প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা।

এ ছাড়াও সমাজসেবক আব্দুর রকিব, আজগর আলী মাস্টার, গণমাধ্যম কর্মীসহ মেহেরপুর সদর উপজেলার আমদহ, আমঝুপি ইউনিয়নের ৪০ জন গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

গাংনীতে ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আয়োজনে তৃাামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে উপজেলা টাস্কফোর্স কমিটির ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার দুপুরে কমিটির সভাপতি উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সুপ্রভা রাণী, সহকারী কমিশনার ভুমি নাদির হোসেন শামীম, গাংনী থানার ওসি তদন্ত মনোজ কুমার।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন কৃষি অফিসার ইমরান আহমেদ, উপজেলা শিক্ষা অফিসার নাসিরুদ্দিন, মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহমেদ, কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা, কাজিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলম হোসেন, সাহারবাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মশিউর রহমান, তেতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস, ষোলটাকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আনোয়ার হোসেন পাশা, সাংবাদিক রফিকুল আলম বকুল সহ অনুষ্ঠানে টাস্কফোর্সের সদস্যরা উপস্থিত ছিলেন।

সভার শুরুতে টাস্কফোর্সের সদস্যসচিব উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সুপ্রভা রাণী তামাক নিয়ন্ত্রণে সরকারের গৃহীত বিভিন্ন কার্যক্রম তুলে ধরেন।

এছাড়া তিনি ২০৪০ সালের মধ্যে মাননীয় প্রধানমন্ত্রীর তামাক নির্মুল ও প্রতি বছরে তামাক নিয়ন্ত্রণের বিভিন্ন পদক্ষেপের কথা উল্লেখ করেন। তিনি তামাকের কারণে শারিরীক, মাসসিক ও অর্থনৈতিক ক্ষতর বিভিন্ন দিক নিয়ে আলোশনা করেন।

মেহেরপুরের বারাদীতে ওয়াচ গ্রুপের ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত

‘ ‘সবার জন্য মানসম্মত শিক্ষা ও শিক্ষায় বৈষম্য দূর করতে সামাজিক প্লাটফরম কমিউনিটি এডুকেশনের আয়োজনে ওয়াচ গ্রুপের ত্রৈমাসিক সভা হয়েছে।

আজ সোমবার সকাল ১০ টার দিকে বারাদীর তৃণমূল মডেল একাডেমীতে,গনসাক্ষরতা অভিযানে সহায়তায় মানক উন্নয়ন কেন্দ্র (মউক)